

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ১৮৮৪

২৯/ পানীয় (كتاب الأشرية عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সোনা ও রূপার পাত্রে পান করা হারাম।

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ الشُّرْبِ فِي آنِيَةِ الذَّهَبِ وَالْفِضَّةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنِ الْحَكَمِ، قَالَ سَمِعْتُ
ابْنَ أَبِي لَيْلَى، يُحَدِّثُ أَنَّ حُدَيْفَةَ، اسْتَسْقَى فَأَتَاهُ إِنْسَانٌ بِإِنَاءٍ مِنْ فِضَّةٍ فَرَمَاهُ بِهِ وَقَالَ إِنِّي
كُنْتُ قَدْ نَهَيْتُهُ فَأَبَى أَنْ يَنْتَهِيَ إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَى عَنِ الشُّرْبِ فِي
آنِيَةِ الْفِضَّةِ وَالذَّهَبِ وَلُبْسِ الْحَرِيرِ وَالذَّبْيَاجِ وَقَالَ " هِيَ لَهُمْ فِي الدُّنْيَا وَلَكُمْ فِي الْآخِرَةِ "
. قَالَ وَفِي الْبَابِ عَنْ أُمِّ سَلَمَةَ وَالْبَرَاءِ وَعَائِشَةَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ
صَحِيحٌ .

বাংলা

১৮৮৪। মুহাম্মদ ইবনু বাশশার (রহঃ) ... মুহাম্মদ ইবনু জা'ফার (রহঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন, হুয়াইফা রাদিয়াল্লাহু আনহু পানি পান করতে চাইলেন। তখন জনৈক ব্যক্তি একটি রূপার পাত্রে তাঁর কাছে পানি নিয়ে এল। তিনি তা ছুড়ে ফেলে দিলেন এবং বললেন, আমি এ থেকে তাকে নিষেধ করে দিয়েছিলাম। কিন্তু সে এ থেকে বিরত থাকতে অস্বীকার করেছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তো সোনা ও রূপার পাত্রে পান করতে এবং রেশম ও দীবাজ (একপ্রকার রেশম)-এর কাপড় পরিধান করতে নিষেধ করেছেন এবং বলেছেন, এতো তাদের জন্য (কাফিরদের জন্য) হল দুনিয়াতে আর তোমাদের হল জন্য আখিরাতে। সহীহ, ইবনু মাজাহ ৩৪১৪, বুখারী ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৮৭৮ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উম্ম সালামা, বারা ও আয়িশা রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। উক্ত হাদীসটি হাসান-সহীহ।

English

Narrated Shu'bah bin Al-Hakam:

"I heard Ibn Abi Laila narrating that Hudhaifah asked for water, so someone brought him a vessel made from silver. He threw it, and said: 'I have indeed forbade him, but he refused to stop! Indeed the Messenger of Allah (ﷺ) prohibited drinking from silver and gold vessels, and from wearing silk and Dibaj, and he (ﷺ) said: "If is for them in this world, and for you in the Hereafter."

He said: There are narrations on this topic from Umm Salamah, Al-Bara', and 'Aishah.

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Sahih.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনে জাফার (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=22860>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন